# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

Bangladesh Class-III Govt. Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

কেন্দ্রীয় নির্বাহী পরিষদ

অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

e-mail : info@bgeac3.com web:wwwbgeac3.com


**স্মারক নং ঃ বাতসকস/ ২০১৮/১৫৩** **তারিখ ঃ ২৮ জানুয়ারি, ২০১৮ইং।**

## সভার কার্যবিবরণী

অদ্য ২৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ রোজ রবিবার বিকাল ৫.০০ ঘটিকায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নেতৃবৃন্দ, সম্মানিত উপদেষ্টা মন্ডলী, ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দ, ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটির সভাপতি, সাধারণ সম্পাদকগণের সমন্বয়ে সমিতির এক জরুরী যৌথসভা মহাখালীস্থ আজম সিকিউরিটিজ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতি জনাব মোঃ মাহ্ফুজুর রহমান। সভার আলোচ্য সূচী ছিল (১) অর্থ উপ-কমিটির প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন (২) ঢাকা মহানগর কমিটির নির্বাচন/গঠন প্রসঙ্গে আলোচনা (৩) অর্থ ও বিবিধ। সভায় পবিত্র কোরআর তেলওয়াত ও গীতা পাঠ করতঃ সভার কার্যক্রম শুরু হলে উপস্থিত নেতৃবৃন্দ নির্ধারিত আলোচ্য সূচীভিত্তিক প্রস্তাব আকারে মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্তবলী গৃহীত হয়।

### গৃহীত সিদ্ধান্ত সমূহ

০১। সভায় ২৫/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত যৌথ সভার কার্যবিবরণীর আংশিক সংশোধন করে অনুমোদন করা হয়।

সংশোধন:

ক) প্রজাতন্ত্রের বিভিন্ন দপ্তর প্রতিষ্ঠানের তৃতীয় শ্রেণী কর্মচারী নেতৃবৃন্দের মধ্যে উল্লেখযোগ্য জনাব মো: ছালজার রহমান, মো: ওয়াহিদুজ্জামান, মো: সাজেদুল ইসলাম, সেলিনা পারভীন (জনশক্তি কর্মসংস্থান প্রশিক্ষণ ব্যুরো), ফজলে আজিম খান (বিসিএস কর একাডেমী), মনির হোসেন বাবু (আর্কাইভ অধিদপ্তর), সেলিম রেজা (নিউরো সায়েন্স), নাজমা খাতুন (পঙ্গু হাসপাতাল), মো: দৌলত-উজ-জামান (পঙ্গু হাসপাতাল), মো: আশরাফুল ইসলাম (আর্কাইভ অধিদপ্তর) , মো: আরিফুর রহমান (আর্কাইভ অধিদপ্তর), মো: মহিউদ্দিন (জেলা সমাজসেবা), মো: আব্দুস সাত্তার খান মানিক (পরিবার পরিকল্পনা অধিদপ্তর), মো: আনোয়ার হোসেন (সংসদ সচিবালয়), মো: মাহমুদুল হাসান (জনস্বাস্থ্য ইনষ্টিটিউট), মো: নুরুজ্জামান (নির্বাচন কমিশন), মো: আসাদুজ্জামান (ঢাকা জজ কোর্ট) প্রমুখ নেতৃবৃন্দ। বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির আদর্শ ও এর গঠনতন্ত্রের প্রতি আস্থা জ্ঞাপন করে সংগঠনকে এগিয়ে নেয়ার প্রত্যয় ব্যক্ত করেন। সভায় সমিতির সভাপতি ও মহাসচিব তাঁদেরকে ফুলেল অভ্যর্থনা জ্ঞাপন করত: আসন্ন ৫ম দ্বি-বার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলনে অন্যান্য নেতৃবৃন্দের সাথে সম্মিলিতভাবে কর্মতৎপরতায় অংশগ্রহণ করার আহ্বান জানান এবং প্রতিনিধি সম্মেলন উপলক্ষ্যে গঠিত সম্মেলন প্রস্তুত কমিটি ও উপ-কমিটি সমূহে অর্ন্তভূক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) সভায় সমিতির ৫ম দ্বি-বার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন উপলক্ষ্যে গঠিত সম্মেলন প্রস্তুত কমিটিতে মোট ৬ জন সদস্য হিসেবে ও অন্যান্য উপ-কমিটি সমূহে ২/১ জন করে সদস্য অর্ন্তভূক্তির সিদ্ধান্ত গ্রহণ করা হয়। জনাব মো: হারেছ, অর্থ সচিবকে অর্থ উপ-কমিটির সদস্য সচিব ও জনাব রমিজ উদ্দিন মাঝি, যুগ্ম-মহাসচিব, কেনিপ কে উক্ত উপ-কমিটির সদস্য হিসেবে পুন:মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব মো: ফরহাদ হোসেন, সদস্য, কেনিপ ইতোমধ্যে স্বেচ্ছায় ঢাকার বাইরে বদলি হওয়ায় সম্মেলন প্রস্তুত কমিটি হতে তার নাম প্রত্যাহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

### সম্মেলন প্রস্তুতি কমিটি ঃ

| ক্রঃ নং | নাম | ফোন নং | সাংগঠনিক পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|---|
| ০১। | মো: মোস্তাফিজুর রহমান | ০১৭১৫-২৫৫৭০০ | সহ-সভাপতি, কেনিপ | সদস্য |
| ০২। | মো: রায়হান উদ্দিন চৌধুরী | ০১৭১৬-৪০৮৯৯২ | সহ-সভাপতি, কেনিপ | সদস্য |
| ০৩। | মো: হারেছ | ০১৭১৮-৬৪৩৩৭৮ | অর্থ-সচিব, কেনিপ | সদস্য |
| ০৪। | মো: মফিজুল ইসলাম পিন্টু | ০১৭১৪-২২০৩৭৭ | সহকারী মহাসচিব, কেনিপ | সদস্য |
| ০৫। | মো: ছালজার রহমান | ০১৭১৬-৪৯০৫৭৩ | জনশক্তি কর্ম: ও প্রশি: ব্যুরো | সদস্য |
| ০৬। | মো: ওয়াহিদুজ্জামান | ০১৯৬১-০৪৪৬৫৫ | জনশক্তি কর্ম: ও প্রশি: ব্যুরো | সদস্য |

অর্থ উপ-কমিটি।

| | | | | |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ সেলিম রেজা | ০১৭১৬-৮৪৪৯৯০ | নিউরো সায়েন্স হাসপাতাল | সদস্য |

(খ) প্রচার ও প্রকাশনা উপ-কমিটি।

| ক্রঃ নং | নাম | ফোন নং | সাংগঠনিক পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ সাজেদুল ইসলাম | ০১৭১৬-০০১৪৮৭ | জনশক্তি কর্মঃ ও প্রশিঃ ব্যুরো | সদস্য |

(গ) সংবিধান/গঠনতন্ত্র সংশোধন উপ-কমিটি।

| ক্রঃ নং | নাম | ফোন নং | সাংগঠনিক পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|---|
| ০১। | এ এইচ এম সাইয়াদুল করিম | ০১৭১২-৮৩৫০৯৩ | সহ-সভাপতি, কেনিপ | সদস্য |
| ০২। | মোঃ মনির হোসেন বাবু | ০১৭৫১-৫২৯৫৩৫ | আর্কাইভ অধিদপ্তর | সদস্য |

(ঘ) দাবীনামা সংশোধন উপ-কমিটি।

| ক্রঃ নং | নাম | ফোন নং | সাংগঠনিক পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ আসাদুজ্জামান | ০১৭১৭-৫৫৭০০৩ | ঢাকা জজ কোর্ট | সদস্য |
| ০২। | মোঃ মোজাম্মেল হক | ০১৭৯৪-১২৫০৯২ | সাধাঃ সম্পাঃ অঞ্চল-৫ | সদস্য |

(ঙ) মহাসচিবের প্রতিবেদন প্রস্তুত উপ-কমিটি।

| ক্রঃ নং | নাম | ফোন নং | সাংগঠনিক পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ আরিফুর রহমান | ০১৭২১-২৪১০৬০ | আর্কাইভ অধিদপ্তর | সদস্য |

(চ) খাদ্য ও নিরাপত্তা উপ-কমিটি।

| ক্রঃ নং | নাম | ফোন নং | সাংগঠনিক পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ ইসহাক মিয়া | ০১৭২৮-১৯৮৩৮৫ | মিটফোর্ড হাসপাতাল | সদস্য |
| ০২। | মোঃ নুরুজ্জামান | ০১৯১৪-৯৫৭৩২২ | নির্বাচন কমিশন | সদস্য |

(ছ) অভ্যর্থনা ও রেজিষ্ট্রেশন উপ-কমিটি।

| ক্রঃ নং | নাম | ফোন নং | সাংগঠনিক পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ তরিকুল ইসলাম | ০১৯১৭-৩২২০৮৮ | সাংগঠনিক সম্পাদক, কেনিপ | সদস্য |
| ০২। | উৎপল কুমার ঘোষ | ০১৭১৭-৬৪৬২৩৬ | ঢাকা জজ কোর্ট | সদস্য |

০২। সভায় ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটির নির্বাচন/পুনর্গঠন বিষয়ে পূর্ব নির্ধারিত ২৫/০১/২০১৮ তারিখের মধ্যে নির্বাচন পুনর্গঠন সম্পন্ন না হওয়ায় ২৫/১২/২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ০২/০২/২০১৮ তারিখ ঢাকা মহানগর কমিটি গঠন উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য সম্মেলন সাময়িকভাবে স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সভায় ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটির নির্বাচন/পুনর্গঠনের নিমিত্তে স্ব-স্ব সাংগঠনিক অঞ্চলে কর্মরত/অবস্থিত কেন্দ্রীয় নির্বাহী পরিষদ ও ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দকে স্ব-স্ব সাংগঠনিক আঞ্চলিক কমিটি নির্বাচন/পুনর্গঠন করার জরুরী পদক্ষেপ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। উল্লেখ্য যে, ৫ম দ্বি-বার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলনের প্রতিনিধি নির্দিষ্ট করণের জন্য ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটি, দাপ্তরিক কমিটি, ঢাকা মহানগর কমিটির নির্বাচিত নেতৃবৃন্দই সমিতির জাতীয় প্রতিনিধি সম্মেলনের ডেলীগেট (প্রতিনিধি) রূপে নির্দিষ্ট হবেন বিধায় উপরোক্ত কমিটির নির্বাচন পুনর্গঠন ব্যতীত ৫ম দ্বি-বার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন পূর্ব নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হওয়ার ক্ষেত্রে বাধার সৃষ্টি করবে সেজন্য জাতীয় দ্বি-বার্ষিক প্রতিনিধি সম্মেলনের তারিখ পুনঃনির্ধারণের প্রয়োজন দেখা দিবে।

০৪। সভায় অর্থ উপ-কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন সম্মেলন প্রস্তুত কমিটির মাধ্যমে প্রাপ্ত হওয়ায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনার পর তা অনুমোদিত হয়। সম্মেলনের প্রত্যাশিত ব্যয় হিসাবে ৪,০০,০০০/- (চার লক্ষ টাকা) নির্ধারণ করা হয়।

এবং আয়ের উৎস হিসেবে বিজ্ঞাপন/ব্যক্তিগত অনুদান ইত্যাদি হতে ব্যয় সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রচার ও প্রকাশনা উপ-কমিটিকে অবিলম্বে বিজ্ঞাপন আহ্বান করার খসড়াপত্র সহ উপ-কমিটি কর্মকান্ডের বিষয়ে বিস্তারিত প্রতিবেদন সম্মেলন প্রস্তুতি কমিটির মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়, এবং অন্যান্য উপ-কমিটি সমূহকে স্ব-স্ব কমিটির বিস্তারিত কার্যক্রমের প্রতিবেদন যথাশীঘ্র সম্ভব সম্মেলন প্রস্তুত কমিটিতে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে মূল্যবান সময় দিয়ে গৃহীত সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করাসহ সকলের সুস্বাস্থ্য ও পারিবারিক সুখ শান্তি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ মাহ্‌ফুজুর রহমান )
সভাপতি
০১৭১৫-৬৬৫৫৪৬

**স্মারক নং ঃ বাতসকস/২০১৮/১৫৩ (২০০)** **তারিখ ঃ ২৮ জানুয়ারি ২০১৮খ্রিঃ।**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ -

০১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, বিভাগ/জেলা ......................................।
০২। জনাব ........................................ বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, কেনিপ ................................।
০৩। জনাব ..........................................................................।

(মোঃ লুৎফর রহমান )
মহাসচিব
০১৯২২-১১৭৫০১